সাতদিন

৮ আগস্ট : পথচারীকে আটক করে ৪ লাখ টাকা ছিনতাইয়ের অভিযোগে চট্টগ্রামে ২ পুলিশ ও ২ আনসার গ্রেপ্তার।

৯ আগস্ট : বিপুল পুলিশের উপস্থিতিতে বুড়িগঙ্গা ও তুরাগ নদীর তীরে অভিযান চালিয়ে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ ও ঢাকা জেলা প্রশাসন মোট ২০৩টি অবৈধ স্থাপনা উচ্ছেদ করেছে।

ফতুল্লা থানার পাগলা মেরী এন্ডারসনের কাছে তেলের ড্রামে আগুন লেগে ব্যাপক ক্ষয়ক্ষতি।

১০ আগস্ট : টানা ২০ দিন কর্মবিরতির পর সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনসহ সংগঠনের ১২ দফা দাবির ফলপ্রসূ সমঝোতা হওয়ায় দেশের সর্ববৃহৎ স্থলবন্দর বেনাপোলে পুনরায় মাল খালাস শুরু।

ফরিদপুর-১ আসনে আগামী ৩০ আগস্ট অনুষ্ঠিতব্য উপনির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থী কাজী সিরাজুল ইসলাম প্রার্থিতা প্রত্যাহার করেছে।

১১ আগস্ট : উত্তরার দক্ষিণখান এলাকায় গার্মেন্টসের ১৪ লাখ টাকা লুট হয়েছে এবং দুর্বৃত্তের গুলিতে ২ জন আহত।

১২ আগস্ট : মিরপুরে জুমার নামাজ শেষে বাসায় ফেরার পথে ছেলের সামনে সন্ত্রাসীরা গুলি করে হত্যা করেছে বিশিষ্ট ব্যবসায়ী কাজী শহীদুল্লাহকে।

১৩ আগস্ট : কাজী শহীদুল্লাহ হত্যার প্রতিবাদে মিরপুরের ৭টি মার্কেটসহ সব ব্যবসা প্রতিষ্ঠানে ধর্মঘট পালন ও বিক্ষোভ প্রদর্শন করেছেন ব্যবসায়ীরা।

গাজীপুরে জয়দেবপুর যমুনা সেতুর রেলপথে ট্রেনের নিচে কাটা পড়ে মারা গেছে একই জেলার তিন তরুণ।

১৪ আগস্ট : স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন প্রধানমন্ত্রীর কাছে জাতীয় ওষুধ নীতি ২০০৫-এর কপি হস্তান্তর করেছেন।

জামাল উদ্দিন অপহরণ শহীদ চেয়ারম্যান গ্রেপ্তার অভিযুক্ত এমপি সরওয়ার জামাল

অবশেষে র‍্যাবের হাতে ধরা পড়েছে চাঞ্চল্যকর জামাল উদ্দিন অপহরণ মামলার প্রধান আসামি শহীদুল ইসলাম ওরফে শহীদ চেয়ারম্যান। দেশ জুড়ে আলোড়ন সৃষ্টিকারী অপহরণ ঘটনার ২ বছর ২০ দিনের মাথায় গত ১৪ আগস্ট রোমহর্ষক রহস্য উদ্‌ঘাটিত হয়।

শহীদুল ইসলাম ওরফে শহীদ চেয়ারমেন র‍্যাবের হাতে ধরা পড়ার পর ঘটনার সঙ্গে নিজের সম্পৃক্ততা, ফটিকছড়ির চেয়ারম্যান আবুল কাশেম এবং সংসদ সদস্য সরওয়ার জামাল নিজামের ছোট ভাই মারুফ নিজামের সম্পৃক্ততা স্বীকার করে। চট্টগ্রাম র‍্যাবের প্রধান লে. কর্নেল কাজী এমদাদুল হকের কাছে দেয়া স্বীকারোক্তিমূলক জবানবন্দিতে বলে, 'বিশিষ্ট ব্যবসায়ী ও বিএনপি নেতা জামাল উদ্দিনের অপহরণের মূল নায়ক মারুফ নিজাম আনোয়ারা থেকে নির্বাচিত সংসদ সদস্য সরওয়ার জামাল নিজামের ছোট ভাই মারুফ নিজামের সঙ্গে জায়গা জমি নিয়ে বিরোধের কারণে অপহরণ করা হয় জামাল উদ্দিন চৌধুরীকে। অপহরণ প্রক্রিয়া নিয়ে জটিলতা সৃষ্টি হলে চেয়ারম্যান আবুল কাশেমের ক্যাডার কালা মাহবুব, লম্বা মাহবুব, ইউনুস ওরফে বাবু মিলিতভাবে ফটিকছড়ির গহীন অরণ্যে নিয়ে জামাল উদ্দিনকে খুন করে।'



জামাল উদ্দিন

সাংসদ সরওয়ার জামাল নিজাম

সে জানায় এই প্রক্রিয়ার সঙ্গে আরো যে ৩ জন জড়িত ছিল তারা হলো- হেলাল, আলী ও গ্যারেজ কাসেম। মূলত জমিজমা নিয়ে বিরোধের জের ধরেই জামাল উদ্দিনকে অপহরণ ও পরে গুলি করে হত্যা করা হয়। শহীদ চেয়ারম্যান সাংবাদিকদের কাছে অবশ্য নানা ধরনের বিভ্রান্তিকর তথ্য দেয়।

চট্টগ্রামের আওয়ামী লীগ নেতা আক্তারুজ্জামান চৌধুরী বাবু অপহরণের পর কাশেম চেয়ারম্যানকে টাকা দিয়েছিল বলে তথ্য দিয়েছে।

ধরা পড়ার পর ধূর্ত শহীদ চেয়ারম্যান বিভ্রান্তিকর তথ্য দিয়ে মামলার মোটিভকে ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করছে। সরকারি ও বিরোধী দলীয় নেতাদের সম্পৃক্ত করে আইনের ফাঁক ফোকর দিয়ে নিজে বেরিয়ে আসতে চাইছে।

জামাল উদ্দিন হত্যা এবং শহীদ চেয়ারম্যান ধরা পড়ার পর জামালউদ্দিনের বড় ছেলে চৌধুরী ফরমান রেজা লিটন সাংবাদিকদের জানান, 'এমপি সারওয়ার জামাল নিজাম তার পিতাকে সাড়ে ৬ কানি জমি বিক্রি করার প্রস্তাব দিয়েছিলেন। তার বাবা জমি বিক্রি করতে রাজি হয়নি। এই সম্পত্তি নিয়ে বিরোধের জের ধরে মারুফ নিজাম তার ভাড়া করা লোক দিয়ে হত্যাকান্ড ঘটিয়েছে।

চট্টগ্রামের প্রভাবশালী বিএনপি নেতা জামাল উদ্দিন অপহরণ ও হত্যার সঙ্গে সরকারি দল বিএনপি'র নেতা কর্মীরাই জড়িত এ কথা অস্বীকার করার উপায় নেই। ব্যক্তি স্বার্থে নিজ দলীয় নেতাকর্মী হত্যা বন্ধ করা উচিত। সকল হত্যাকান্ডের সুষ্ঠু তদন্ত এবং সঠিক বিচার হওয়া দরকার।

প্রতিবাদ

সাপ্তাহিক ২০০০-এর ২২ জুলাই '০৫ সংখ্যায় প্রকাশিত 'কুমিল্লায় মাদ্রাসার নামে ভূমি দস্যুতা 'শীর্ষক রিপোর্টের প্রতিবাদ করেছেন এইচ এম গিয়াসউদ্দিন। তিনি বলেছেন, তার ভাইদের জমিতে মাদ্রাসা-মসজিদ সম্প্রসারণ করা হয়নি। এছাড়াও পুরো রিপোর্টকে তিনি মিথ্যা, ভিত্তিহীন এবং কাল্পনিক বলে দাবি করেছেন।

প্রতিবেদকের বক্তব্য : সরেজমিনে গিয়ে দেখা গেছে, মাদ্রাসার উত্তর-পশ্চিম পাশে এইচ এম মীর হোসেনের জমিতে ৪টি পায়খানা, ১টি রান্নাঘর এবং ১টি টিউবওয়েল বসানো হয়েছে, যা মাদ্রাসার ছাত্রছাত্রীরা ব্যবহার করে থাকে। আর গত ২ মে '০৫ কুমিল্লার ডিসির কাছে দেয়া অভিযোগ পত্রেও হাজী বেলায়েত তার ভাই মীর হোসেনের জমিতে মাদ্রাসার রান্নাঘর ও পায়খানা থাকার কথা স্বীকার করেছেন। তাছাড়া কুঞ্জশ্রীপুর গ্রামের স্থানীয় জনসাধারণের সঙ্গে কথা বলে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে রিপোর্টটি লেখা হয়েছে, যা মোটেই মিথ্যা ও ভিত্তিহীন নয়।

ঘাতকদের শাস্তি হোক



১৫ আগস্ট ইতিহাসের এক বেদনাময় দিন। এই দিনের সূর্যোদয়ের আগেই বাংলাদেশের স্বাধীনতার স্থপতি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সপরিবারে নির্মমভাবে খুন হন। দেশী-বিদেশী চক্রান্তের শিকার হয়ে সেনাবাহিনীর উচ্ছৃঙ্খল উচ্চাভিলাষী বিপথগামী জুনিয়র সামরিক কর্মকর্তারা পরিকল্পিতভাবে হত্যা করে বাঙালি জাতির দীর্ঘ মুক্তিসংগ্রামের অবিসংবাদিত নেতাকে। ঘাতক চক্রের এই পৈশাচিক কর্মকান্ড শুধু বঙ্গবন্ধু শেখ মুজিবকেই নয়, আসলে হত্যা করেছিল মুক্তিযুদ্ধের মূল চেতনা, অসাম্প্রদায়িক, উদার গণতান্ত্রিক একটি প্রগতিশীল রাষ্ট্র-বিকাশের সম্ভাবনাকে। ঘাতকচক্র শুধু বঙ্গবন্ধুকে হত্যা করেই ক্ষান্ত হয়নি, তারা ইতিহাসের এ কলঙ্কজনক হত্যাকান্ডের বিচার চাওয়ার অধিকারটুকুও বন্ধ করে দেয় ইনডেমনিটি অধ্যাদেশ জারি করে। ১৯৯৬ সালে আওয়ামী লীগ ক্ষমতায় এসে আইনটি বাতিল করে বঙ্গবন্ধু হত্যা মামলা পুনরুজ্জীবিত করে। স্বাভাবিক বিচারপ্রক্রিয়ায় হত্যাকারীদের দোষ প্রমাণের পর আদালত দন্ডও ঘোষণা করে। বিচার কার্যটি বর্তমানে উচ্চ আদালতে বিচারাধীন। আজকের এই শোকাবহ দিনে জাতির দাবি, বঙ্গবন্ধু হত্যাকান্ডের বিচারপ্রক্রিয়ার দ্রুত নিষ্পত্তি এবং ঘাতকদের শাস্তি কার্যকর করা হোক। তা না করা পর্যন্ত জাতি এই হত্যাকান্ডের গ্লানি থেকে মুক্তি পাবে না।

প্রকীর্তি বর্ষ পরিক্রমা ২০০৪

সাংবাদিকতায় বিশেষ সম্মাননা

- আলোচিত রিপোর্ট- শরিফুজ্জামান পিন্টু
- আলোচিত সংবাদ আলোকচিত্র- শিহাব উদ্দিন

দেশের মানুষের অবাধ তথ্য পাবার অধিকার পূরণে প্রকীর্তি বর্ষ পরিক্রমা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মন্তব্য করেছেন, বিশিষ্ট ব্যক্তিরা। সকালে (১২ আগস্ট) জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে অনুষ্ঠিত 'প্রকীর্তি বর্ষ পরিক্রমা ২০০৪'-এর প্রকাশনা উৎসব অনুষ্ঠানে বক্তারা এ মন্তব্য করেন। অনুষ্ঠানে ২০০৪ সালে দৈনিক জনকণ্ঠে প্রকাশিত 'বিচার পাইনা, তাই বিচার চাই না' শীর্ষক ধারাবাহিক সংবাদের জন্য 'আলোচিত রিপোর্ট-২০০৪' সম্মাননা দেয়া হয় শরিফুজ্জামান পিন্টুকে, অন্যদিকে দৈনিক সংবাদে শাখারীবাজার ট্রাজেডির 'নিশ্চিত আশ্রয়, নিশ্চিত যাত্রা' ছবির জন্য 'আলোচিত সংবাদ আলোকচিত্র-২০০৪' সম্মাননা পান শিহাব উদ্দিন।

১২ আগস্ট জাতীয় প্রেস ক্লাবে এক অনুষ্ঠানে তাদের হাতে এ বিশেষ সম্মাননা প্রদান করা হয়। পিন্টুর হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন বর্ষ পরিক্রমা ২০০৩-এর আলোচিত রিপোর্ট সম্মাননা প্রাপ্ত সাংবাদিক সাপ্তাহিক ২০০০-এর নির্বাহী সম্পাদক গোলাম মোর্তোজা এবং শিহাব উদ্দিনের হাতে ক্রেস্ট তুলে দেন প্রবীণ ফটোসাংবাদিক রশিদ তালুকদার।



শিহাব উদ্দিনের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন প্রখ্যাত আলোকচিত্রি রশিদ তালুকদার

পিন্টুর হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন সাপ্তাহিক ২০০০-এর নির্বাহী সম্পাদক গোলাম মোর্তোজা

প্রকীর্তি ফাউন্ডেশনের উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান ও দৈনিক সংবাদের নির্বাহী সম্পাদক মনজুরুল আহসান বুলবুলের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে আরো বক্তৃতা করেন এটিএন বাংলার প্রধান উপদেষ্টা সাইফুল বারী, রেডিও ভেরিতাস এশিয়া'র বাংলাদেশ ব্যুরো প্রধান ফাদার কমল কোড়াইয়া, এডিডি বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেনটেটিব মোশাররফ হোসেন, রূপান্তর'র প্রধান নির্বাহী স্বপন গুহ, কলাম লেখক মহিউদ্দিন আহমদ, রফিকুল ইসলাম খোকন, প্রকীর্তি ফাউন্ডেশনের চেয়ারম্যান সাইফুদ্দিন সবুজ ও নির্বাহী সচিব এস এম বাবু প্রমুখ।

বক্তারা বলেন, তথ্য জানার অধিকার সবার। কিন্তু নানা প্রতিবন্ধকতায় বাংলাদেশে আজও তা নানাভাবে বাধাগ্রস্থ হচ্ছে। এ অবস্থায়ও যে তথ্য প্রকাশ হয় তা যথাযথভাবে সংরক্ষিত হয় না। প্রকীর্তি বর্ষ পরিক্রমা একটি বই-এ পুরো বছরকে তুলে ধরার যে উদ্যোগ নিয়েছে তা প্রশংসনীয়। এই উদ্যোগের ফলে গবেষক, শিক্ষানুরাগী, সংবাদকর্মীর খুব সহজে তাদের প্রয়োজনীয় তথ্য জানতে পারবেন। বার্ষিক তথ্য সংরক্ষণে দেশের প্রথম প্রাতিষ্ঠানিক উদ্যোগ 'প্রকীর্তি বর্ষ পরিক্রমা' প্রকাশনার ২য় বছরে পা রাখলো এবার।